



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ১৭.০৯.২০১৮ খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২০ সেপ্টেম্বর

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন গ্রহণ শুরু হচ্ছে আগামী ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বৃহস্পতিবার অপরাহ্ন ২ টা হতে, চলবে ২২ অক্টোবর ২০১৮ সোমবার রাত ১২ টা পর্যন্ত। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগ্রহী শিক্ষার্থীরা অনলাইনে “[admission.eis.bu.ac.bd](http://admission.eis.bu.ac.bd)” এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপরোক্ত ওয়েবসাইট ছাড়াও “[barisaluniv.ac.bd](http://barisaluniv.ac.bd) এবং [barisaluniv.edu.bd](http://barisaluniv.edu.bd)” তে পাওয়া যাবে। ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৩ ও ২৪ নভেম্বর অনুষ্ঠিত হবে। ২৩/১১/২০১৮ তারিখ শুক্রবার সকাল ১০ ঘটিকা হতে ১১ ঘটিকা “খ” ইউনিট, বিকাল ৩ ঘটিকা হতে ৪ ঘটিকা “গ” ইউনিট এবং ২৪/১১/২০১৮ তারিখ শনিবার সকাল ১১ ঘটিকা হতে ১২:৩০ ঘটিকা “ক” ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিভিন্ন ইউনিটের পরীক্ষা সম্পর্কিত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময়ে “ক” ইউনিট- ০১৮৭৭৭১৭৩৭৫, “খ” ইউনিট-০১৮৭৭৭১৭৩৭৬, “গ” ইউনিট- ০১৮৭৭৭১৭৩৭৭ এই হেল্পলাইন নম্বরসমূহে পাওয়া যাবে। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীন ২২টি বিভাগের পাশাপাশি চলতি ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে নতুন আরও ২টি বিভাগ সংযোজিত হয়েছে, যার একটি ‘ইতিহাস ও সভ্যতা বিভাগ’ এবং অন্যটি ‘পরিসংখ্যান বিভাগ’।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস